শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও শিক্ষক ফেডারেশনের প্রস্তাবিত শিক্ষক নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়নের 'নির্দেশিকা' প্রণয়নের নামে যে অভিন্ন নীতিমালা ইউজিসির ভার্চুয়াল সভায় পাস  করা হয়েছে, তা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনবিরোধী বলে দাবি করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতারা। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কমপ্লেক্স ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে তাঁরা ওই নীতিমালা প্রত্যাখ্যান করার ঘোষণা দেন। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. জয়নাল আবেদীনের সভাপতিত্বে সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. সুবাস চন্দ্র দাস। সম্মেলনে বলা হয়, তথাকথিত অভিন্ন নীতিমালাটি বর্তমানে 'নির্দেশিকা' নাম দিয়ে পাস করানো হয়েছে, যা বাকৃবির শিক্ষকরা মেনে নেবেন না। বিশ্ববিদ্যালয়ের প্রণীত নীতিমালার স্বাতন্ত্র্যতার ওপর কোনো ধরনের হস্তক্ষেপ বাকৃবি শিক্ষক সমিতি চায় না। প্রয়োজন হলে নিজস্ব নীতিমালায় পরিবর্তন এনে উন্নত শিক্ষার মান নিশ্চিত করা হবে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।
পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮,
বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com